

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
উদ্ভিদ সংরক্ষণ উইং  
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

স্মারক নং ১২.১১.০০০০.০১৩.৯৯.০০১.১৬ - ৬০ (২৮)

তারিখ: ০২/০১/২০১৬

প্রাপক  
অতিরিক্ত পরিচালক  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
-----অঞ্চল (সকল)।

বিষয়: বোরো ফসলে ত্রিপস পোকা দমনে করণীয় প্রসঙ্গে।।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অতন্দ্র জরিপের সাপ্তাহিক প্রতিবেদন অনুযায়ী দেখা যাচ্ছে যে দেশের কিছু কিছু জেলায় বোরো ফসলের বীজতলায় ত্রিপস পোকায় আক্রমণ আছে। এই পোকা বীজতলা থেকে মূল জমিতে কুশি ছাড়া সময় পর্যন্ত আক্রমণ করে থাকে। সাফল্যজনক ভাবে কাংখিত ফলন প্রাপ্তির জন্য নিয়মিত মাঠ পরিদর্শন, পর্যবেক্ষণ ও অতন্দ্র জরিপ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। অতন্দ্র জরিপ কার্যক্রমের মাধ্যমে পোকায় উপস্থিতি নির্ণয় করে প্রাথমিক অবস্থাতে এর আক্রমণ প্রতিরোধ ও দমনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করলে উৎপাদনের কাংখিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়। আপনার অঞ্চলাধীন জেলা ও উপজেলা সমূহে ধান ফসলের ত্রিপস দমনে সংযুক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত :


১. ত্রিপস পোকা দমনে করণীয় - ১ পাতা

  
(অমিতাভ দাস)

পরিচালক

উদ্ভিদ সংরক্ষণ উইং

ফোন নং : ৯১৩১২৯৫

  
০২/০১/১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১. উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ঢাকা, ওয়েব সাইটে প্রকাশের জন্য।

## ধানের থ্রিপস পোকা দমনে করণীয়

বাংলাদেশে ছয় প্রজাতির থ্রিপস পোকা ধান গাছ আক্রমণ করে থাকে। থ্রিপস পোকা সাধারণত ধানের চারা অবস্থা থেকে কুশি বের হওয়া পর্যন্ত আক্রমণ করে ক্ষতি করে থাকে।

আক্রমণের লক্ষণঃ

- ধানের চারা অবস্থা থেকে কুশী পর্যন্ত সময়ে পূর্ণ বয়স্ক থ্রিপস পোকা ও তাদের বাচ্চারা পাতার উপর ক্ষত সৃষ্টি করে রস চুষে খায়। ফলে পাতার আগা লম্বা লম্বিভাবে মুড়ে যায়।
- পাতার আক্রান্ত অংশটি হলদে থেকে লাল দেখা যায়।
- যে সমস্ত জমিতে সব সময় দাড়ানো পানি থাকে না সাধারণতঃ সে সব ক্ষেত্রে থ্রিপস এর আক্রমণ বেশী হয়।

পোকা ব্যবস্থাপনাঃ

- ✓ পরিষ্কার পরিচ্ছন্ন চাষ করা।
- ✓ নাইট্রোজেন জাতীয় সার যেমন: ইউরিয়া ২০০-৩০০ গ্রাম প্রতি শতকে উপরি প্রয়োগ করে এ পোকায় ক্ষতি কিছুটা রোধ করা যায়।
- ✓ জমি শুকনা থাকলে অল্প সময়ের জন্য পর্যাপ্ত পরিমাণ পানি সেচ দিয়ে আবার পানি বের করে ফেলা;
- ✓ আক্রান্ত জমির ২৫ ভাগ ধানের পাতা ক্ষতিগ্রস্ত হলে অনুমোদিত কীটনাশক ব্যবহার করা যেতে পারে। ধানের থ্রিপস পোকায় দমনের জন্য নমুনাস্বরূপ অনুমোদিত কীটনাশকের তালিকা নিম্নোক্ত ছকে প্রদান করা হলো-

গ্রুপের নাম	বানিজ্যিক নাম	প্রয়োগ মাত্রা/ হেক্টর
কার্বারিল	সেভিন ৮৫ ডব্লিউপি	১.৭ কেজি
ডাইমেথোয়েট	রগর ৪০ এল	১.১২ লিটার
	পারফেকথিয়ন ৪০ ইসি	
ফেনিট্রথিয়ন	ফেনিট্রক্স ৫০ ইসি	১ লিটার
	ফলিথিয়ন ৫০ ইসি অথবা	১.২ লিটার
	সুমিথিয়ন ৫০ ইসি	
আইসোপ্রোক্যাব (MIPC)	মিপসিন ৭৫ ডব্লিউপি	১.২ কেজি
ম্যালাথিয়ন	ফাইফানন ৫৭ ইসি	১.১২ লিটার
	হিলথিয়ন ৫৭ ইসি	১ লিটার
	সাইফানন ৫৭ ইসি	



উদ্ভিদ সংরক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা